

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নম্বর- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০১.২৩.৩৭০

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩০  
৩০ এপ্রিল, ২০২৩


**অর্জিত ছুটির খাপ কমিয়ে ই-নথিতে মঞ্জুরের সহজীকরণ অফিস আদেশ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আবশ্যিক অংশের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.১.১ এ সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্য পূরণের নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ৫ সদস্য বিশিষ্ট একটি এস.পি.এস টিম গঠন করা হয়। উক্ত টিম এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের “অর্জিত ছুটি” সেবাটি সহজীকরণের লক্ষ্যে সুপারিশসহ একটি প্রতিবেদন দাখিল করেন যা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়। সে প্রেক্ষিতে গত ১০ জানুয়ারি ২০২৩ তারিখ ৫৭.০০.০০০০.১৪৩.১০.০০১.২১ নং স্মারকে পাইলটিং এর জন্য অফিস আদেশ জারি করা হয়। জানুয়ারি-মার্চ ২০২৩ সময়ে পাইলটিং হিসাবে ২ জনের আবেদন নিষ্পত্তি করা হয়। গত ২৮/০৩/২০২৩ তারিখ পাইলটিং মূল্যায়ন করা হয়।

০২। এমতাবস্থায়, সফলভাবে পাইলটিং সম্পন্ন হওয়ায় খাপ কমিয়ে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্দেশ ৫৭(১) অনুসারে ই-নথির মাধ্যমে অর্জিত ছুটি মঞ্জুরের প্রক্রিয়াটি অব্যাহত রাখার জন্য চূড়ান্ত অফিস আদেশ জারি করা হলো। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে অর্জিত ছুটির সেবাটি প্রদান করা হবে।

- ক. আবেদনকারী তার ছুটি প্রাপ্যতার হিসাব সংগ্রহপূর্বক ই-নথিতে আপলোড করে সরাসরি মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করবেন;
- খ. মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন ই-নথিতে সরাসরি সংশ্লিষ্ট শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন;
- গ. শাখা প্রধান আবেদন পরীক্ষা-নিরীক্ষা করে ই-নথিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি উপস্থাপন করবেন;
- ঘ. মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর/না-মঞ্জুর করে সরাসরি শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন; এবং
- ঙ. শাখা প্রধান কর্তৃক অর্জিত ছুটি মঞ্জুর/না-মঞ্জুর আদেশের অনুলিপি মধ্যবর্তী কর্মকর্তাগণকে অবগতির জন্য প্রেরণ করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
৩০/৪/২০২৩  
(মো: কামরুল হাসান)  
উপসচিব  
☎: ৫৫১০০৪১৬

ই-মেইল: dsadmin@tmed.gov.bd

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে:**

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৩. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৪. উপসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৭. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
৯. ব্যক্তিগত কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
১০. ক্যাটালগার/হিসাবরক্ষক/কম্পিউটার অপারেটর/ক্যাশিয়ার/সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
১১. অফিস সহায়ক (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
১২. অফিস কপি